

নির্বাহী প্রকৌশলীর দপ্তর

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ওয়াপদা ভবন (৯ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোনঃ ৯৫৫৩১১৮, ৯৫৫০৭৫৫; ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৫৭৩৮৬

ই-মেইলঃ ffwcbwdb@gmail.com; ffwc05@yahoo.com

ওয়েবসাইটঃ www.ffwc.gov.bd



Office of The Executive Engineer

Flood Forecasting and Warning Centre

Bangladesh Water Development Board

WAPDA Building (8th Floor) (Motijheel C/A. Dhaka 1000.

Phone : 9553118, 9550755; Fax: 88-02-9557386

E-mail : ffwcbwdb@gmail.com; ffwc05@yahoo.com

Website: www.ffwc.gov.bd

আগস্ট মাসের বন্যা পূর্বাভাস সম্পর্কিত সংক্ষিপ্ত প্রতিবেদন

২০.০৮.২০১৯

বাংলাদেশ ও ভারত আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী চলতি মাসের শেষ সপ্তাহ পর্যন্ত ব্রহ্মপুত্র বেসিনের বাংলাদেশ ও তৎসংলগ্ন ভারতীয় প্রদেশসমূহে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা নেই। ফলে বর্তমান নদ-নদীর পরিস্থিতি বিবেচনায় চলতি মাসের শেষ নাগাদ ব্রহ্মপুত্র ও যমুনা নদ-নদীর অববাহিকায় বন্যার ঝুঁকি নেই। তবে বাংলাদেশের উত্তরাঞ্চল ও ভারতের পশ্চিমবঙ্গের উত্তরাঞ্চলে মৌসুমি বৃষ্টিপাতের কারণে এ অঞ্চলের তিস্তা সহ অন্যান্য নদীর পানি সমতল সাময়িকভাবে দ্রুত বৃদ্ধি পেতে পারে, তবে বন্যা পরিস্থিতি সৃষ্টি হবার আশঙ্কা নেই।

চলতি মাসের ৩য় সপ্তাহে গঙ্গা বেসিনের ভারতীয় অংশে ভারী বৃষ্টিপাতের কারণে এ অঞ্চলের ভারতীয় অংশে গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে। ফলে এ নদীর ভাটিতে বাংলাদেশের গঙ্গা অংশে পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা চলতি মাসের শেষ নাগাদ অব্যাহত থাকতে পারে। চলতি মাসের শেষ নাগাদ গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি পেয়ে রাজশাহী এবং হার্ডিঞ্জরীজ পয়েন্টে বিপদসীমার কাছাকাছি বা স্থানবিশেষে সাময়িকভাবে বিপদসীমা অতিক্রম করতে পারে। ফলে এ অঞ্চলের কুষ্টিয়া, পাবনা, নাটোর, রাজশাহী এবং চাঁপাইনবাবগঞ্জ জেলার কতিপয় স্থানের নিম্নাঞ্চলসমূহে স্বল্পমেয়াদী বন্যার ঝুঁকি আছে।

বাংলাদেশ ও ভারতের আবহাওয়া অধিদপ্তরের তথ্য অনুযায়ী চলতি মাসের ৪র্থ সপ্তাহে দেশের উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের উত্তর-পূর্বাঞ্চলের আসাম ও মেঘালয় অংশে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ফলে উক্ত সময়ে দেশের উত্তর-পূর্বাঞ্চলের নদী-সমূহের পানি সমতল সাময়িকভাবে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

Arifuzzaman

মোঃ আরিফুজ্জামান ভূঁইয়া)

নির্বাহী প্রকৌশলী

বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র

বাপাউবো ঢাকা

মোবাইল নং-০১৭১৫০৪০১৪৪